**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 JUNE 2024** **7:35—7:40 AM IST**

==========================================================================

রাজ্যে বাল্য বিবাহ প্রতিরোধে আসাম সরকার পূর্ব ঘোষিত মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে । গতকাল গৌহাটীতে রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানান যে রাজ্য মন্ত্রীসভা মুখ্যমন্ত্রীর নিযূত মইনা প্রকল্পটিতে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করেছে । এই প্রকল্প অনুযায়ী একাদশ শ্রেণীতে নামভর্তি হওয়া প্রতিজন ছাত্রী মাসে এক হাজার টাকা , স্নাতক স্তরে এক হাজার দুশ ৫০ টাকা এবং স্নাতকোত্তর স্তরে প্রতিজন ছাত্রী দু হাজার পাঁচশ টাকা করে লাভ করবে । এজন্য সরকারের প্রতি বছর ব্যয় হবে তিনশ কোটী টাকা ।
এখন থেকে প্রতি মাসের ১১ তারিখ সংশ্লিষ্ট ছাত্রীর একাউন্টে এই অর্থ ঢুকবে বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা জানিয়েছেন ।

---

এদিকে অর্থনৈতিকভাবে দূর্বল শিক্ষার্থী নীটের পরীক্ষায় সফলতা লাভ করার জন্য রাজ্য সরকার ফলপ্রসূ প্রচেষ্টা হাতে নিয়েছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । তিনি বলেন যে রাজ্য যুব আয়োগের নেতৃত্বে শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে । ডিব্রুগড়ে এলেনের সংগে যৌথভাবে ২২০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল । এর মধ্যে ১৫০ জন শিক্ষার্থী উত্তীর্ন হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী বলেন যে শীঘ্রই শিলচর , নলবারী ও যোরহাটে প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে । উল্লেখ্য ৮০০ টি চা বাগানের মধ্যের সড়ক নির্মানের জন্য আজ মন্ত্রীসভার বৈঠকে ৮০০ কোটি টাকায় অনুমোদন জানানো হয় ।

---

ভারতীয় জনতা পার্টির প্রবীন নেতা তথা বিদায়ী মূখ্যমন্ত্রী পেমা খান্ডু আজ অরুনাচল প্রদেশের মূখ্যমন্ত্রী হিসেবে পুনরায় শপথ গ্রহন করবেন । রাজধানী ইটানগরের দর্জি খান্ডু কনভেনশন সেন্টারে আজ সকাল ১১টায় পেমা খান্ডু তৃতীয় বারের মতো রাজ্যের মূখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন । শপথ গ্রহন অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বি জেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা , দলের সাংগঠনিক সাধারন সম্পাদক বি এল সন্তোশ উপস্থিতি থাকবেন ।

রাজ্যপাল অবসরপ্রাপ্ত লেফটেনেন্ট জেনারেল কে টি পারনেইক , পেমা খান্ডু ও তার মন্ত্রী পরিষদের সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন ।

---

রাজ্যের সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা গতকাল গৌহাটীতে তৃতীয় লিংগ কল্যাণ পর্ষদের এক বৈঠকে অংশ গ্রহণ করেন । বৈঠকে তৃতীয় লিংগের লোকেদের বিভিন্ন সমস্যা সম্পর্কে পর্য্যালোচনা করা হয় । তৃতীয় লিংগের ব্যাক্তিদের পরিচয় পত্র প্রদান সহ তাদের সমস্যাগুলি দ্রুত সমাধান করতে মন্ত্রী শ্রীহাজারিকা বিভাগীয় আধিকারীকদের নির্দেশ দিয়েছেন । সভায় সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের আয়ুক্ত সচিব বীরেন্দ্র মিট্টাল , সচিব কে জে হিলালী সহ শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আগামী ২৪ শে জুন থেকে আরম্ভ হবে । এই অধিবেশনে নব-নির্বাচিত সদস্যদের শপথগ্রহণ ,অধ্যক্ষ নির্বাচন করা সহ রাষ্ট্রপতির ভাষণের উপর আলোচনা করা হবে ।

এদিকে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু জানান যে রাজ্যসভার ২৬৪তম অধিবেশন ২৭ শে জুন আরম্ভ হবে এবং তেসরা জুলাই শেষ হবে । শ্রী রিজিজু আরো জানান যে সংসদ হচ্ছে দেশের ১৪০ কোটি নাগরিকের আশা-আকাঙ্খা পূরণ করার জন্য আলোচনা , সমালোচনা তথা বিতর্ক করার উপযুক্ত মঞ্চ ।

---

করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের এক্সপেনডিচার সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে লোকসভা নির্বাচনের প্রতিদ্বন্দী প্রার্থীদের নির্বাচনী ব্যায়ের ভাউচার , এ পি আর সহ

হিসাব জমা দিতে বলেছেন । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে আগামী তিন দিনের মধ্যে প্রতিদিনের নির্বাচনী ব্যয় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের নির্বাচনী এক্সপেনডিচার মনিটরিং সেলে জমা দিতে হবে ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনর কাছাড় কমিটির পক্ষ থেকে জেলার কাটিগড়া , সোনাই সহ  বিভিন্ন স্থানে গত কয়েকদিনে বিদ্যুৎ-তের তার ছিড়ে ,  খুটি ভেঙ্গে , ট্রান্সফরমারের গোলযোগে মানুষের মৃত্যু , বাসগৃহে অগ্নি সংযোগের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে । এসোসিয়েশনের পক্ষ থেকে অবিলম্বে বিদ্যুতের পুরোনো তার , খুটি ,ট্রান্সফরমার পরিবর্তন করার দাবী জানানো হয়েছে । এছাড়া এসোসিয়েশনের পক্ষ থেকে বিদ্যুৎ বিভাগের গাফলতিতে মৃত্যু হওয়া ব্যাক্তিদের নিকট আত্মীয়কে এবং আহত ও ক্ষতিগ্রস্থ ব্যাক্তিদের উপযুক্ত ক্ষতিপূরন প্রদানেরও দাবী জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির আধিকারীক ধনজিৎ চৌধুরী এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে রোহিত দাস নামের ১১ বছরের একটি শিশু , শিলচর শিশু সুরক্ষা সমিতির দায়িত্বে রয়েছে । এই শিশুটিকে যদি কোন অভিভাবক লালন-পালন করতে ইচ্ছুক থাকেন তাহলে অভিভাবকরা কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির কর্মকর্তাদের সঙ্গে কথা করতে পারেন ।

---

রাজ্যে বাল্য বিবাহ প্রতিরোধে আসাম সরকার পূর্ব ঘোষিত মুখ্যমন্ত্রী নিযুত মইনা প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে । গতকাল গৌহাটীতে রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানান যে রাজ্য মন্ত্রীসভা মুখ্যমন্ত্রীর নিযূত মইনা প্রকল্পটিতে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করেছে । এই প্রকল্প অনুযায়ী একাদশ শ্রেণীতে নামভর্তি হওয়া প্রতিজন ছাত্রী মাসে এক হাজার টাকা , স্নাতক স্তরে এক হাজার দুশ ৫০ টাকা এবং স্নাতকোত্তর স্তরে প্রতিজন ছাত্রী দু হাজার পাঁচশ টাকা করে লাভ করবে । এজন্য সরকারের প্রতি বছর ব্যয় হবে তিনশ কোটী টাকা ।

এখন থেকে প্রতি মাসের ১১ তারিখ সংশ্লিষ্ট ছাত্রীর একাউন্টে এই অর্থ ঢুকবে   বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা জানিয়েছেন ।

কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির আধিকারীক ধনজিৎ চৌধুরী এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে রোহিত দাস নামের ১১ বছরের একটি শিশু , শিলচর শিশু সুরক্ষা সমিতির দায়িত্বে রয়েছে । এই শিশুটিকে যদি কোন অভিভাবক লালন-পালন করতে ইচ্ছুক থাকেন তাহলে অভিভাবকরা কাছাড় জেলা শিশু সুরক্ষা সমিতির কর্মকর্তাদের সঙ্গে কথা করতে পারেন ।